

সাম্প্রতিক কর্মকাণ্ড সমূহ

রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives) এবং কার্যাবলি (Functions) :

১.১ রূপকল্প : সবার জন্য মানসম্মত শিক্ষা।

১.২ অভিলক্ষ্য : জাতীয় লক্ষ্য ও উদ্দেশ্যের পরিপূরক বিজ্ঞান ও প্রযুক্তি নির্ভর সমতাভিত্তিক, নৈতিকতা সমৃদ্ধ ও দেশপ্রেমিক দক্ষ জনসম্পদ তৈরি করা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ :

০১। বিনা বেতনে সবার জন্য মানসম্মত শিক্ষা

০২। শিক্ষার গুণগত মানোন্নয়ন

০৩। শিক্ষা প্রশাসনের সক্ষমতা, স্বচ্ছতা ও ক্ষমতা বৃদ্ধি এবং কার্যকর মনিটরিং

০৪। শিক্ষার সমতা নিশ্চিতকরণ

০৫। প্রতিষ্ঠানে শিক্ষার পরিবেশগত মানোন্নয়ন

০৬। সচেতনতা বৃদ্ধি।

০৭। কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন

০৮। দক্ষতা ও নৈতিক মানের উন্নয়ন

০৯। যোগ্যতা সম্পন্ন শিক্ষকের সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা।

১০। দক্ষতার সাথে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন।

১.৪ কার্যাবলি :

- জাতীয় শিক্ষানীতির আলোকে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও নীতিমালা প্রস্তুতকরণে সহায়তা দান।
- মাধ্যমিক থেকে উচ্চ শিক্ষা পর্যন্ত (বিশ্ববিদ্যালয় ব্যতীত) শিক্ষা কার্যক্রম পরিচালনা, বাস্তবায়ন ও তদারকি।
- শিক্ষার সম্প্রসারণে কর্মপরিবেশ উন্নয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
- শিক্ষার মানোন্নয়নে ভবিষ্যৎ কর্মকৌশল নির্ধারণ।
- দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ পরিকল্পনা বাস্তবায়ন।
- বিভিন্ন দাপ্তরিক চিঠিপত্র উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর অগ্রায়ন
- শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক কার্যাবলি ও ব্যবস্থাপনা তদারকীকরণ, শিক্ষার মান উন্নয়নের জন্য সকল স্তরের শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- শিক্ষা সংশ্লিষ্ট কার্যক্রমে সরকারি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সঙ্গে যোগাযোগ রক্ষা ও নির্দেশিত বিবিধ কাজের স্বচ্ছতা জবাবদিহিতা ও গণশুনানি নিশ্চিতকরণ এবং সকল শিক্ষা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় পূর্বক বাস্তবায়ন করা।
- শিক্ষামন্ত্রণালয়/অধিদপ্তরের আওতায় বিবিধ মামলা পরিচালনায় সহায়তা প্রদান করা এবং তদন্ত কার্যক্রম পরিচালনা করা।
- শিক্ষা মন্ত্রণালয়/মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত বিভিন্ন প্রকল্প/প্রোগ্রাম হতে প্রাপ্ত অর্থ যথারীতি খরচ পূর্বক কার্যাবলি সম্পাদন /বাস্তবায়ন।